

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৯ অক্টোবর, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ০৯/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব এ এইচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে কক্সবাজার জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতে হোটেল-মোটেল জোন, সুগন্ধা পয়েন্ট এলাকার 'হাভি'- নামক রেস্টুরেন্টটির রান্নাঘর অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যদ্রব্য মজুদ ও রান্না করতে দেখা যায়। এছাড়াও রান্নাঘরে মজুদকৃত বেশকিছু খাদ্যপণ্যের যথাযথ ক্রয়-ভাউচার প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান এবং তাৎক্ষণিক তা আদায় করা হয়।

অভিযানটি যথাক্রমে 'প্রাসাদ প্যারাডাইস'- নামক প্রতিষ্ঠানটির রান্নাঘরটিতে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর উপায়ে খাদ্য উৎপাদন ও মজুদ করতে দেখা যায়। তাদের কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পরিবেশের ছাড়পত্র, পানি পরীক্ষার সনদ ও পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে ব্যর্থ হয়। এছাড়াও রান্নাঘরের রেফ্রিজারেটরে মজুদকৃত বেশকিছু খাদ্যপন্য যথাযথ লেবেলিং সংযোজন ব্যতিরেকে মজুদ করতে দেখা যায়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান এবং তাৎক্ষণিক তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে 'হাভি' এবং 'প্রাসাদ প্যারাডাইস' উভয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: নাজমুল ইসলাম, নিরাপদ খাদ্য অফিসার, কক্সবাজার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; জনাব মো: আসলম উদ্দিন, মনিটরিং অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; জনাব জহর লাল পাল, নিরাপদ খাদ্য পরিদর্শক, কক্সবাজার ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং র‍্যাব-১৫ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


(মোঃ আখতার মামুন)
অতিরিক্ত পরিচালক
প্রয়োগ অনুবিভাগ

ই-মেইল: adddirector.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।